ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৪০
খোয়াই, ৮ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা ঃ খোয়াইয়ে বাইসাইকেল র‍্যালি**

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে এবং শিক্ষা দপ্তরের ব্যবস্থাপনায় আজ এক বর্ণাঢ্য বাইসাইকেল র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি খোয়াই জেলা শিক্ষা দপ্তরের সামনে থেকে শুরু হয়ে খোয়াই শহরের বিভিন্ন পথ ধরে এগিয়ে যায় এবং পরে পুনরায় জেলা শিক্ষা দপ্তরের সামনে এসে শেষ হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই মহকুমার মহকুমা শাসক নির্মল কুমার, ডেপুটি কালেক্টর কিশোর দেববর্মা, খোয়াই জেলা শিক্ষা দপ্তরের ওএসডি হৃষিকেশ দেববর্মা, খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের অধ্যক্ষ মনোজ দেববর্মা প্রমুখ। র‍্যালিতে অংশগ্রহণ করে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় এবং খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও। এছাড়াও বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং সাধারণ মানুষরাও স্বতস্ফূর্তভাবে র‍্যালিতে অংশগ্রহণ করেন। র‍্যালিতে অংশগ্রহণ করে বক্তব্য রাখতে গিয়ে মহকুমা শাসক নির্মল কুমার বলেন, আজকের বাইসাইকেল র‍্যালির মাধ্যমে আমরা নতুন প্রজন্মকে দেশ প্রেমের চেতনার সঙ্গে যুক্ত করার চেষ্টা করেছি। জাতীয় পতাকার সম্মান রক্ষা ও দেশপ্রেম জাগ্রত রাখা আমাদের সবার কর্তব্য।

******